

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৫.২৪.৫

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১-খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অর্থনৈতিক কোড-৩২২১১০৮-  
ব্যাংক চার্জ খাতে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম-এর স্মারক নং-২২৪৮, তারিখ: ২২.১২.২০২৫খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন ১৪৮০২০১- খাদ্য অধিদপ্তরের বিশেষ কার্যক্রমের আওতায় অপারেশন কোড নং-১২০০০২৬০৬ এর অন্তর্গত অর্থনৈতিক কোড নং-৩২২১১০৮-ব্যাংক চার্জ খাতে কুড়িগ্রাম জেলার নিম্নোক্ত উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ দ্বারা গত অর্থবছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে।

ক্র: নং	অর্থনৈতিক কোড নং	খাতের নাম	উপজেলার নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
১	৩২২১১০৮	ব্যাংক চার্জ	রাজারহাট	৪,২৯,৩০০ (চার লাখ উনত্রিশ হাজার তিনশত) টাকা
২			চিলমারী	১,১৫,০০০ (এক লাখ পনেরো হাজার) টাকা
৩			নাগেশ্বরী	১১,৩৬,৮০০ (এগারো লাখ ছত্রিশ হাজার আটশত) টাকা
৪			ভুরুঙ্গামারী	২২,০৩,৪০০ (বাইশ লাখ তিন হাজার চারশত) টাকা
মোট				=৩৮,৮৪,৫০০ (আটত্রিশ লাখ চুরাশি হাজার পাঁচশত) টাকা

উল্লেখ্য, কোড নং-৩২২১১০৮-ব্যাংক চার্জ খাতে উখানি, কুড়িগ্রাম সদর-এর অনুকূলে ১৬.০৭.২০২৫খ্রি. তারিখের ১০৫২নং স্মারকে =৭,১৪,৬০০/-টাকা এবং ২১.০৮.২০২৫খ্রি. তারিখের ১৩৩৪নং স্মারকে =২৪,১৩,৬০০/- টাকাসহ মোট=৩১,২৮,২০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত দপ্তরের অনুকূলে বকেয়াসহ মোট মূল্য =২৯,৪৭,৬৭৪/- টাকা দেখানো হয়েছে; যা বরাদ্দকৃত টাকার তুলনায় কম বিধায় চাহিত অর্থ বরাদ্দ প্রদান করা হলো না। পরবর্তীতে নির্ধারিত ছকে যথাযথ হিসাবসহ চাহিদাপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এই বরাদ্দ ব্যবহারে নিম্নোক্ত শর্তাবলি/ নিয়মাবলি পালন করতে হবে।

(ক) এই ব্যয় ২০২৫-২৬ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

(খ) এই অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণে ব্যয় করতে হবে।

পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



০১-০১-২০২৬

মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৭২.২০.০০৭৫.২৪.৫/১ (৬)

তারিখ: ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
০১ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুড়িগ্রাম। বরাদ্দ পত্রটির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম সদর/রাজারহাট/চিলমারী/নাগেশ্বরী/ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজারহাট/চিলমারী/নাগেশ্বরী/ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৬। অফিস কপি/, মাস্টার কপি।



০১-০১-২০২৬

মোঃ শেখ আসাদুজ্জামান  
সহকারী উপপরিচালক